Times Today BD

ইমরান হোসেন রাজ | স্বাস্থ্য | 21 June, 2025

যশোরের নতুন করে ছড়িয়ে পড়া করোনাভাইরাসে প্রথম শনাক্ত সাবিনা খাতুন (৫৫) নামে এক নারীর মৃত্যু হয়েছে। এ নিয়ে গত তিন দিনে যশোরে তিন জনের মৃত্যু হয়েছে।সাবিনা খাতুন (৫৫) যশোরের-২৫০ জেনারেল হাসপাতালের আইসিইউতে চিকিৎসাধীন ছিলেন। শুক্রবার (২০ জুন) বিকেলে তিনি মৃত্যু বরণ করেন।আইসিইউ বিভাগের ইনচার্জ ডা. রবিউল ইসলাম তুহিন তার মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেন।

সাবিনা খাতুন সাতক্ষীরার কলারোয়া পৌর এলাকার গদখালী ঝিকরা গ্রামের বাসিন্দা হলেও পুলিশ কর্মকর্তা মেয়ের চাকরি সূত্রে যশোরে থাকতেন।গত ১২ জুন যশোর শহরের ইবনে সিনা হাসপাতালে জ্বর ও কাশিতে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন থাকা অবস্থায় তার শরীরে করোনা শনাক্ত হয়।তখন তাকে যশোর-২৫০ জেনারেল হাসপাতালে স্থানান্তর করা হয়।বুধবার বিকেলে তার অবস্থার অবনতি হলে আইসিইউতে নেওয়া হয়।সেখানে বিকেল সাড়ে পাঁচ টায় তার মৃত্যু হয়।সাবিনা খাতুনকে নিয়েই এ মৌসুমে যশোর জেনারেল হাসপাতালে করোনা আইসোলেশন ওয়ার্ডের যাত্রা শুরু হয়।

হাসপাতালের আইসিসিইউ বিভাগে গত বুধবার সকাল ৬টার দিকে মৃত্যু হয় জেলার বাঘারপাড়া উপজেলার শেখ আমিরের ও একই দিন দিবাগত রাত সাড়ে ১২টার দিকে মৃত্যু হয় মনিরামপুর উপজেলার মাহমুদকাটি টেংরামারী গ্রামের ইউসুফ আলীর।

যশোর করোনা পরিস্থিতি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 06:25

URL: https://timestodaybd.com/public/health/3515125990